গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
আইন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moi.gov.bd

নম্বর:১৫.০০.০০০০.০০০.০৪৪.১১.০০০১.২৫.**৪৬**

তারিখঃ ১২ ফাল্গুন ১৪৩২ / ২৫ ফেব্রুয়ারি ২০২৬

## বেসরকারি আইনজীবী তালিকাভুক্তকরণের পুনঃবিজ্ঞপ্তি

বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগ ও হাইকোর্ট বিভাগ, প্রশাসনিক ট্রাইব্যুনাল ও প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল এবং অধঃস্তন আদালতে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় সংশ্লিষ্ট বিচারাধীন মামলা রাষ্ট্রপক্ষের আইন কর্মকর্তাদের মাধ্যমে পরিচালনায় সহায়তার জন্য মাননীয় আপীল বিভাগ, হাইকোর্ট বিভাগ ও প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, প্রশাসনিক ট্রাইব্যুনালের জন্য মোট ০৫(পাঁচ) জন বেসরকারি আইনজীবী তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের প্যানেল আইনজীবী হিসেবে তালিকাভুক্ত করার লক্ষ্যে আইনজীবীদের নিকট হতে নিম্নোক্ত শর্তে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ-

| | |
|---|---|
| ০১ | আবেদনকারী আইনজীবীকে ঢাকায় স্থায়ীভাবে বসবাসরত হতে হবে; |
| ০২ | আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, বয়স, TIN, মোবাইল নম্বর ইত্যাদি উল্লেখপূর্বক পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত দিতে হবে। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে বেসরকারি আইনজীবী তালিকাভুক্তকরণের লক্ষ্যে গঠিত কমিটি কর্তৃক নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। নির্ধারিত আবেদন ফরম এবং বিজ্ঞপ্তিটি এ মন্ত্রণালয়ের ওয়েসসাইট (www.moi.gov.bd) থেকে ডাউনলোড করা যাবে। উল্লেখ্য, বিজ্ঞপ্তিটি ইজিপি পোর্টালে প্রকাশ করা হয়েছে। |
| ০৩ | আবেদনের সাথে সদ্য তোলা ২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযুক্ত করে দিতে হবে; |
| ০৪ | আবেদনের সাথে জাতীয় পরিচয়পত্র, বার কাউন্সিলের সনদপত্র, শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র এবং বার কাউন্সিল প্রদত্ত পেশাগত সনদপত্রসহ সকল সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে; |
| ০৫ | বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগ ও হাইকোর্ট বিভাগের মামলা পরিচালনার ক্ষেত্রে হাইকোর্ট বিভাগের আইনজীবী হিসেবে কমপক্ষে ০৭(সাত) বছরের অভিজ্ঞতা থাকতে হবে এবং আপীল বিভাগে আইনজীবী হিসেবে তালিকাভুক্ত হতে হবে; |
| ০৬ | দেওয়ানী আদালতে মামলা পরিচালনার ক্ষেত্রে দেওয়ানী আদালতে আইনজীবী হিসেবে কমপক্ষে ০৭(সাত) বছরের অভিজ্ঞতা থাকতে হবে; |
| ০৭ | প্রশাসনিক ট্রাইব্যুনাল ও প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালে মামলা পরিচালনার ক্ষেত্রে উক্ত ট্রাইব্যুনালসমূহে ০৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে; |
| ০৮ | সরকার কর্তৃক নির্ধারিত হারে আইনজীবীগণকে ফি পরিশোধ করা হবে এবং এক্ষেত্রে সরকারের সংশ্লিষ্ট বিধি-বিধান প্রযোজ্য হবে; |
| ০৯ | অন্য কোনো প্রতিষ্ঠানে আইনজীবী হিসেবে নিয়োজিত থাকলে তা উল্লেখ করতে হবে; |
| ১০ | আইনজীবী তালিকাভুক্তির মেয়াদ ০৩ (তিন) বছর হবে; |
| ১১ | আগামী ১২.০৩.২০২৬ তারিখ বেলা ১২:৩০ ঘটিকার মধ্যে সরাসরি ডাকযোগে উপসচিব (আইন-১) শাখা ও সদস্য সচিব, বেসরকারি আইনজীবী নিয়োগ/তালিকাভুক্তকরণ কমিটি, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, কক্ষ নং-১২১০ (লিফটের-১২ তলা), ভবন নং-০৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর আবেদন পৌঁছাতে হবে। উক্ত তারিখের পর কোনো আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না; |
| ১২ | কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোনো আবেদন অথবা সকল আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। বেসরকারি আইনজীবী তালিকাভুক্তির বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে; এবং |
| ১৩ | আগ্রহী আবেদনকারীগণ বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটির ব্যাংক এর ব্যাংক হিসাব নং: বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি(বিপিপিএ), হিসাব নম্বর: ০০০২৬৩৬০০২৯৮৩, লোকাল শাখা, সোনালী ব্যাংক, ঢাকা লিঃ ৩০০/-(তিনশত) টাকা জমা প্রদান করতঃ জমা রশিদের মূল কপি আবেদনের সাথে দাখিল করতে হবে; |
| ১৪ | আবেদনকারীগণ আদর্শ দরপত্র দলিলের পৃষ্ঠা ৫৮ থেকে ৫৯ পর্যন্ত সকল তথ্য যথাযথভাবে পূরণ করতঃ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের নির্ধারিত আবেদন ফরম পূরণ করে সকল চাহিত সনদপত্রের কপিসহ জমা প্রদান করবেন; উল্লেখ্য, দরপত্র এবং নির্ধারিত আবেদন ফরম তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.moi.gov.bd) ও বিপিপিএ'র (www.bppa.gov.bd) ওয়েবসাইট থেকে সংগ্রহ করা যাবে; |
| ১৫ | গত ২৫.০৯.২০২৫ তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে ইতোপূর্বে যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। |

25/02/2026

(মুহাম্মদ সাঈদ আলী)
উপসচিব
ও
সদস্য সচিব
বেসরকারি আইনজীবী নিয়োগ/তালিকাভুক্তকরণ কমিটি
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়